

## রেশন কার্ডের জন্য অনলাইন আবেদন

নতুন রেশন কার্ডের জন্য অনলাইন আবেদন জমা নেওয়ার প্রক্রিয়া শুরু করেছে কেন্দ্রীয় সরকার। এর জন্য জনসেবা অথবা লোকবাণী কেন্দ্রে গিয়ে আবেদন করতে হবে।

নতুন রেশন কার্ডের জন্য আবেদনের পাশাপাশি পুরনো রেশন কার্ড সংশোধনের প্রক্রিয়াও শুরু হয়েছে।

কেন্দ্রীয় খাদ্য ও খাদ্য সম্পদ মন্ত্রকের অধিকর্তা অনিল কুমার দুবে জানিয়েছেন, নতুন অথবা পুরনো কার্ড সংশোধনের জন্য আবেদনপত্রে সমস্ত প্রয়োজনীয় তথ্য উল্লেখ করে পরিবারের প্রধান (বরিষ্ঠতম মহিলা বা তাঁর অনুপস্থিতিতে পরিবারের প্রবীণতম পুরুষ সদস্যের) পাসপোর্ট সাইজ ফটো, তাঁর ব্যাঙ্কের পাশবইয়ের প্রথম পাতার ফটোকপি, আধার কার্ডের ফটোকপি, বাড়ির ঠিকানার প্রমাণপত্র (যদি আবেদনকারীর আধার কার্ডে বর্তমান ঠিকানার উল্লেখ না থাকে), পরিবারের সব সদস্যের আধার নম্বর, পরিবারের আয়ের বিবরণ এবং তার সঙ্গে বাড়ির রান্নার গ্যাস বা বিদ্যুৎ পর্ষদের বিল দিতে হবে। আবেদনপত্র প্রক্রিয়াকরণ খরচ বাবদ ২০ টাকা জমা দিতে হবে।

নিয়ম অনুযায়ী, আবেদনপত্র জমা দেওয়ার ৩০ দিনের মধ্যে রেশন কার্ড পাওয়ার কথা জানিয়েছেন দুবে। রেশন কার্ড অনুমোদন ও মঞ্জুর হওয়ার খবর এসএমএস মারফৎ আবেদনকারীর মোবাইল নম্বরে পাঠানো হবে।